



গাজায় গণহত্যার অভিযোগে নেতানিয়াহুর গ্রেফতারি পরোয়ানা তুরস্কের



সংগৃহীত ছবি

তুরস্ক ইসরায়েলের বিরুদ্ধে শক্ত অবস্থান নিয়েছে। আক্ষার ঘোষণা করেছে, গাজায় গণহত্যার দায়ে প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে।

নেতানিয়াহুর সঙ্গে ৩৭ জন শীর্ষ ইসরায়েলি কর্মকর্তার নামও তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। এদের মধ্যে রয়েছেন প্রতিরক্ষামন্ত্রী কাভজ, জাতীয় নিরাপত্তামন্ত্রী ইতার বেন গাভির, সেনাপ্রধান আইয়াল জামির এবং নৌবাহিনী প্রধান ডেভিড সাআর সালামা।

তাদের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে গাজায় গণহত্যা, মানবতাবিরোধী অপরাধ এবং অবরুদ্ধ উপত্যকায় মানবিক সহায়তা বহনকারী গ্লোবাল সুমুদ ফ্লোটিল্লা বহরে হামলা চালানোর। আক্ষার বিবৃতিতে বলা হয়েছে, গত দুই বছর ধরে গাজায় ইসরায়েলের নৃশংসতার তথ্য সংগ্রহ করা হয়েছে। সুমুদ ফ্লোটিল্লা অভিযান থেকে ফিরে আসা ব্যক্তিদের সাক্ষ্য ও ফরেনসিক প্রমাণ এই মামলার মূল ভিত্তি হিসেবে বিবেচিত হয়েছে।

এর আগে আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) নেতানিয়াহু ও সাবেক প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্টের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছিল।